



বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি  
BANGLADESH RED CRESCENT SOCIETY



৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা-১২১৭, বাংলাদেশ। ফোনঃ পিএবিএক্স : ৯৩৩০১৮৮-৯, ৮৩১৪৭০১, ৮৩১৯৩৬৬, ৯৩৫০৩৯৯, ফ্যাক্স : ০২-৮৩১১৯০৮ ও ৯৩৫২৩০৩, ই-মেইল: bdracs@bangla.net  
684-686, BARA MAGHBAZAR, DHAKA-1217, BANGLADESH. Tel : PABX: 9330188-9, 8314701, 8319366, 9350399, FAX: 02-8311908 & 9352303, E-mail : bdracs@bangla.net

## প্রেস রিলিজ

০৩ জানুয়ারি ২০১৮

### বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে সারাদেশের শীতাত্ত মানুষের মাঝে কম্বল বিতরণ

শীতে বিপর্যস্ত সারাদেশের অসহায়, দরিদ্র, বৃদ্ধ, বিধবা, প্রতিবন্ধী, বিপদাপন্ন জনগোষ্ঠী এবং শীতবস্ত্র পাওয়ার উপযোগী এধরনের ব্যক্তিদের পাশে দাঁড়িয়েছে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি। সোসাইটির পক্ষ থেকে শীতপ্রবণ রাজশাহী, পঞ্চগড়, লালমনিরহাট, কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, নীলফামারী জেলাসহ সারাদেশের শীতাত্ত মানুষের মাঝে কম্বল বিতরণ শুরু হয়েছে।

সোসাইটির ডিজাস্টার রেসপন্স বিভাগের পরিচালক নাজমুল আয়ম খান জানান, এবছর রাজধানীসহ সারাদেশের প্রায় ৫০ হাজার শীতাত্ত মানুষের মাঝে কম্বল বিতরণের পরিকল্পনা রয়েছে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির। প্রয়োজনের প্রেক্ষিতে এসংখ্যা বাড়তে পারে বলেও তিনি জানান।

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মহাসচিব মো: ফিরোজ সালাহ উদ্দিন বলেন, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি প্রতিষ্ঠালগ্ন থেকেই দেশের শীতাত্ত মানুষের সাহায্যার্থে এগিয়ে এসেছে। এবছরও তার ব্যতিক্রম নয়। শীতাত্ত মানুষের মাঝে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে সারাদেশে কম্বল পাঠানো হয়েছে। তিনি, রেড ক্রিসেন্ট সোসাইটির পাশাপাশি শীতাত্ত অসহায় দুস্থ জনগনকে সহায়তা প্রদানে সমাজের বিভবান ব্যক্তি, বিভিন্ন সামাজিক সংগঠন, বিভিন্ন কর্পোরেট প্রতিষ্ঠান, ব্যাংক-বীমাসহ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরাসরি নিজেরা অথবা রেড ক্রিসেন্টের সহায়তায় কম্বল বিতরণের মধ্য দিয়ে মানবিক সহায়তার হাত প্রসারিত করার উদাত্ত আহবান জানান।

উল্লেখ্য, যদি কোন ব্যক্তি বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মাধ্যমে শীতাত্ত এসব জনগনকে সহায়তা করতে আগ্রহী তারা সরাসরি: পরিচালক, ডিজাস্টার রেসপন্স বিভাগ, জাতীয় সদর দপ্তর, ৬৮৪-৬৮৬ বড় মগবাজার ঢাকা অথবা বিডিআরসিএস হট লাইন নম্বরে +৮৮ - ০১৮১১৪৫৮৫২৪ যোগাযোগ করুন।

খঃ এনায়েতুল্লাহ একরাম পলাশ  
সহকারী পরিচালক  
আন্তর্জাতিক সম্পর্ক ও যোগাযোগ বিভাগ

ছবির ক্যাপশান: কম্বল বিতরণের লক্ষ্যে প্রস্তুতি নিচ্ছে যুব ও স্বেচ্ছাসেবকরা



# বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি BANGLADESH RED CRESCENT SOCIETY



৬৮৪-৬৮৬, বড় মগবাজার, ঢাকা-১২১৭, বাংলাদেশ। ফোনঃ পিএবিএক্স : ৯৩৩০১৮৮-৯, ৮৩১৪৭০১, ৮৩১৯৩৬৬, ৯৩৫০৩৯৯, ফ্যাক্স : ০২-৮৩১১৯০৮ ও ৯৩৫২৩০৩, ই-মেইল: bdracs@bangla.net  
684-686, BARA MAGHBAZAR, DHAKA-1217, BANGLADESH.Tel : PABX: 9330188-9, 8314701, 8319366, 9350399, FAX: 02-8311908 & 9352303, E-mail : bdracs@bangla.net



Handwritten signature or mark.